

যায়যায়দিন

তারিখ ০০.০৬.২০০৭

পৃষ্ঠা ৭ কলাম ৬

১০/০৬/০৭

সব ইউনিভার্সিটিতে অভিন্ন গ্রেডিং সিস্টেম চালু হচ্ছে এ বছরই

ইউনিভার্সিটি রিপোর্টার

দেশের সব ইউনিভার্সিটিতে এ বছর থেকে চালু হচ্ছে অভিন্ন গ্রেডিং সিস্টেম। নতুন এ সিস্টেম শিক্ষকদের কাছে পরিচিত করতে অনুষ্ঠিত হচ্ছে বিশেষ ওয়ার্কশপ। গতকাল ঢাকা ইউনিভার্সিটির টিএসসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে বিজ্ঞান অনুষদের ওয়ার্কশপ। দিনব্যাপী এ ওয়ার্কশপ উদ্বোধন করেন ইউনিভার্সিটির প্রফেসর ড. এস

সব ইউনিভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

এম এ ফায়েজ। বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর তাজমেরী এস ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-ভিসি প্রফেসর আ ফ' ম ইউসুফ হায়দার, ট্রেজারার সৈয়দ আবুল কালাম আজাদ। এ সময় বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগগুলোর শিক্ষকরা উপস্থিত ছিলেন।

ওয়ার্কশপ প্রোগ্রামে বিভিন্ন দেশের গ্রেডিং সিস্টেম, নাম্বারের ধরন, আগের পদ্ধতি থেকে নতুন এ পদ্ধতির নাম্বারের পার্থক্য সম্পর্কে শিক্ষকদের জানানো হয়। উল্লেখ্য, এর আগে সামাজিক বিজ্ঞান অনুষদের ওয়ার্কশপ হয়েছে।